# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১
Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd

নং- ৫৭.১৬.০০০০.০০৯.১৮.০০২.২৪-৯০৫

তারিখ: ১৬ ভাদ্র ১৪৩২ / ৩১ আগস্ট ২০২৫

বিষয় : সরেজমিনে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ

সূত্র: ২০২৪ সালের দাখিল পরীক্ষার্থী সৌরভ সরকারের আবেদন, তারিখ: ১৪.০৮.২০২৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, টাঙ্গাইল জেলার মধুপুর উপজেলাধীন ছাতার কান্দি দাখিল মাদ্রাসার শিক্ষার্থী সৌরভ সরকার, পিতা- মোঃ শেখ ফরিদ, মাতা-মোছা: ছালেহা বেগম ২০২৫-২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনে ভর্তির জন্য আবেদন করতে না পারায় মাদ্রাসা বোর্ডের ফলাফল বাতিলের জন্য আবেদন করেছেন। আবেদন পর্যালোচনায় দেখা যায়, আবেদনকারী সৌরভ সরকার, পিতা- মোঃ শেখ ফরিদ, মাতা-মোছা: ছালেহা বেগম, রোল নং- ১৪১৯৯৮, রেজিঃ নং- ২১১৮৯১৫১১৩, সেশন: ২০২২-২৩, ২০২৪ সালে মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে দাখিল পরীক্ষায় অংশগ্রহণ করে কোরআন মাজীদ ও তাজবীদ এবং হাদিস শরীফ দুটি (বিষয় কোড: ১০১, ১০২) বিষয়ে অকৃতকার্য হয়। পরবর্তীতে আবেদনকারী ২০২৫ সালে ময়মনসিংহ শিক্ষা বোর্ডের অধীনে বিজ্ঞান বিভাগ থেকে এসএসসি পরীক্ষায় অংশগ্রহন করে জিপিএ ৪.৭২ পেয়ে উত্তীর্ণ হয় যা দাখিলকৃত কাগজপত্র দেখে প্রতিয়মান হয়।

এরইপ্রেক্ষিতে আবেদনকারী ময়মনসিংহ শিক্ষা বোর্ডে যোগাযোগ করলে উক্ত বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মহোদয় জানান যে, আবেদনকারী ২০২৫ সালের দাখিল পরীক্ষায় অংশগ্রহণ করে জিপিএ ৩.১৩ পেয়ে উত্তীর্ণ হয় বিধায় একাদশ শ্রেণিতে ভর্তির আবেদন করতে পারছে না। আবেদনকারী মাদ্রাসা প্রধানের সাথে যোগাযোগ করলে, ২০২৫ সালের দাখিল পরীক্ষায় আবেদনকারীর জায়গায় অন্য পরীক্ষার্থী দ্বারা পরীক্ষা দেয়ার বিষয়টি স্বীকার করেছেন মর্মে আবেদনে উল্লেখ করেন। আবেদনকারী দুই জায়গায় উত্তীর্ণ হওয়ায় ২০২৫-২০২৬ সেশনে ভর্তির লক্ষ্যে অনলাইনে ভর্তি ফর্ম পুরন করতে পারছেন না বিধায় মাদ্রাসা বোর্ডের ফলাফল বাতিলের জন্য আবেদন করেছেন। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে ২০২৫ সালের দাখিল পরীক্ষার ফলাফল বাতিল বিষয়ে প্রকৃত ঘটনা উদঘাটন জুরুরি মনে করে।

এমতাবস্থায়, আবেদনকারী কর্তৃক দাখিলকৃত আবেদনে উল্লেখকৃত আবেদনকারীর জায়গায় অন্য পরীক্ষার্থী দ্বারা পরীক্ষা দেয়ার বিষয়টি সরেজমিনে তদন্তপূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক (   ) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

৩১.৮.২৫
প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ০২-৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার,
মধুপুর, টাঙ্গাইল

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৮.০০২.২৪-৯০৫(৭)

তারিখ: ১৬ শ্রাবণ ১৪৩২ / ৩১ আগস্ট ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, টাঙ্গাইল;
২. পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মধুপুর, টাঙ্গাইল;
৪. সভাপতি/সুপার, ছাতার কান্দি দাখিল মাদ্রাসা, মধুপুর, টাঙ্গাইল;
৫. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
৬. পি.ও. টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
৭. অফিস কপি।

৩১/৮/২৫
মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ০২-৯৬৭৪৮৭৪
ইমেইল: dradmin@bmeb.gov.bd